

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.৯

তারিখ: ১১ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ফেব্রুয়ারি-২০২৬ মাসের দ্বিতীয় পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।**

**বিদ্যুৎ পরিস্থিতি :** পবিত্র রমজান মাসে খুলনা জেলায় বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। বিদ্যুৎ বিভাগের উদ্যোগে লোড ব্যবস্থাপনা জোরদার করা হয়েছে এবং ইফতার ও সেহরির সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**স্থানীয় বিষয় :** ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ অত্যন্ত শান্তিপূর্ণ ও নির্বিঘ্নে শেষ হয়েছে। ভোটকেন্দ্রগুলোতে ভোটারদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। নির্বাচন পরবর্তী সময়েও খুলনা জেলায় শান্তিপূর্ণ ও স্থিতিশীল পরিবেশ বিরাজ করছে। নির্বাচিত নতুন সরকারকে খুলনার জনগণ সানন্দে স্বাগত জানিয়েছে। মানুষ স্বস্তি নিয়ে তাদের দৈনন্দিন কাজে ফিরে গেছেন। বাজার-ব্যবসা, শিক্ষা প্রতিষ্ঠান ও অফিস-আদালতে স্বাভাবিক কার্যক্রম চালু রয়েছে। এদিকে খুলনাতে রমজান মাসে বাড়তি উৎসাহ ও আন্তরিকতার সাথে মুসলমানরা ধর্মীয় কার্যক্রম পালন করছেন। মসজিদগুলোতে তারাবির নামাজে মুসল্লিদের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যাচ্ছে। ইফতার মাহফিল, কোরআন তেলওয়াত ও দোয়া মাহফিলের আয়োজন বিভিন্ন এলাকায় সামাজিক সম্প্রীতির বন্ধনকে আরও দৃঢ় করছে। অনেক সেচ্ছাসেবী সংগঠন ও সামাজিক প্রতিষ্ঠান অসহায় ও দরিদ্র মানুষের মাঝে ইফতার ও খাদ্যসামগ্রী বিতরণ করছে।

**পরিবেশ :** বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গুর প্রকোপ বেশ নিয়ন্ত্রণে থাকলেও মশার উপদ্রব বেড়েছে। খুলনা সিটি কর্পোরেশন এ অবস্থা স্থিতিশীল রাখতে বিভিন্ন এলাকাতে ফগিং অভিযান চলমান রেখেছে। এছাড়া খুলনা সিটি কর্পোরেশন পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে।

**আইন শৃঙ্খলা :** নির্বাচন পরবর্তী খুলনার আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক ও নিয়ন্ত্রণে রয়েছে। প্রশাসনের তৎপরতা এবং নাগরিকদের সহযোগিতায় খুলনা ধীরে ধীরে পূর্ণ স্বাভাবিকতায় ফিরে আসছে। এ পরিস্থিতি স্থিতিশীল রাখতে আইন প্রয়োগকারী সংস্থাগুলো সোচ্চার থাকার পাশাপাশি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এদিকে মাদকবিরোধী অভিযান জোরদার করেছে মাদকদ্রব্য অধিদপ্তরসহ খুলনা মেট্রোপলিটন পুলিশের কয়েকটি ইউনিট।

**দ্রব্যমূল্য :** খুলনা সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ বাজার পরিদর্শন করে দোকানদারদের সতর্ক করেছেন যাতে দাম অযথা বাড়ানো না হয় এবং পণ্য তালিকা খোলা স্থানে প্রদর্শনের নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া সিন্ডিকেট ভেঙে দেওয়ায় ও পণ্য সরবরাহ পর্যাপ্ত থাকায় স্থানীয় বাজারগুলোতে বিশেষ করে ময়লাপোতা সাক্ষ্য বাজার, গল্পামারী বাজার, সোনাডাঙ্গা কাঁচা বাজার, জোড়াকল বাজার ঘুরে দেখা যায় চাল, ডাল, তেল, সবজি ও মাছের দাম তুলনামূলকভাবে সহনীয় পর্যায়ে রয়েছে। এছাড়া জেলা প্রশাসনের নিয়মিত বাজার তদারকি ও ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রমের কারণে অসাধু ব্যবসায়ীদের দৌরাত্ম্য কমেছে।

**নৈতিক অবক্ষয় :** নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারণা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

**অপপ্রচার :** অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাশ্বরে কল করার জন্য বলা আছে।



২৪-০২-২০২৬

গাজী জাকির হোসেন

পরিচালক

ফোন : ০২৪৭৭৭২১৮৪২

ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২

ইমেইল : ddinfoklna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

